গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং- ৪৪.০৩.০০০০.০০০.০১১.২৪.০২৭.৬৭৯

তারিখ: ০২/১২/১৪৩২ বঙ্গাব্দ। ১৬/০৩/২০২৬ খ্রিষ্টাব্দ।

## অফিস আদেশ

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, বৈদ্যুতিক কাজ করার সময় দুর্ঘটনা এড়াতে এবং নিরাপত্তা নিশ্চিত করতে নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ সতর্কতা মেনে চলার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১। **কাজ শুরু করার পূর্বে সতর্কতা।**

ক। কাজ শুরু করার আগে অবশ্যই মূল বিদ্যুৎ সংযোগ (মেইন সুইচ) বন্ধ করতে হবে।
খ। কাজের স্থান শুকনো ও নিরাপদ আছে কিনা তা নিশ্চিত করতে হবে।
গ। বৈদ্যুতিক যন্ত্রপাতি ও তারের অবস্থা পরীক্ষা করতে হবে।
ঘ। প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জাম যেমন রাবারের গ্লাভস, সেফটি জুতা ও হেলমেট ব্যবহার করতে হবে।
ঙ। কাজ করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সঠিক ও নিরাপদ কিনা তা যাচাই করতে হবে।

২। **কাজ করার সময় সতর্কতা।**

ক। ভেজা হাতে বা ভেজা জায়গায় কোনো বৈদ্যুতিক যন্ত্রপাতি স্পর্শ করা যাবে না।
খ। ক্ষতিগ্রস্ত বা খোলা তার ব্যবহার করা যাবে না।
গ। কাজ করার সময় ইনসুলেটেড (নিরোধকযুক্ত) যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।
ঘ। একা বৈদ্যুতিক কাজ না করে প্রয়োজনে সহকর্মীর উপস্থিতি নিশ্চিত করতে হবে।
ঙ। বৈদ্যুতিক লাইনের কাছাকাছি ধাতব বস্তু ব্যবহার করার ক্ষেত্রে সতর্ক থাকতে হবে।

৩। **নিরাপত্তা সরঞ্জাম ব্যবহার।**

ক। রাবারের গ্লাভস ও ইনসুলেটেড জুতা ব্যবহার করতে হবে।
খ। উচ্চ স্থানে কাজ করার সময় সেফটি বেল্ট ব্যবহার করতে হবে।
গ। চোখ রক্ষার জন্য সেফটি গগলস ব্যবহার করা যেতে পারে।
ঘ। প্রয়োজনে ইনসুলেটেড ম্যাটের উপর দাঁড়িয়ে কাজ করতে হবে।

৪। **কাজ শেষ করার পর সতর্কতা।**

ক। কাজ শেষে সব সংযোগ ঠিকভাবে স্থাপন করা হয়েছে কিনা তা পরীক্ষা করতে হবে।
খ। কোনো খোলা তার বা ত্রুটি আছে কিনা তা নিশ্চিত করতে হবে।
গ। এরপর ধীরে ধীরে বিদ্যুৎ সংযোগ চালু করতে হবে।
ঘ। কাজের স্থান পরিষ্কার ও নিরাপদ অবস্থায় রেখে যেতে হবে।

৫। **দুর্ঘটনা প্রতিরোধ ও জরুরি ব্যবস্থা।**

ক। বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটলে সঙ্গে সঙ্গে মূল বিদ্যুৎ সংযোগ বন্ধ করতে হবে।
খ। আহত ব্যক্তিকে সরাসরি স্পর্শ না করে শুকনো কাঠ বা ইনসুলেটেড বস্তু দিয়ে বিদ্যুৎ থেকে আলাদা করতে হবে।
গ। দ্রুত চিকিৎসা সহায়তা নিশ্চিত করতে হবে।
ঘ। ভবিষ্যতে দুর্ঘটনা এড়াতে ঘটনার কারণ পরীক্ষা করতে হবে।

৬। উল্লেখ্য, বৈদ্যুতিক মেইন লাইনের কোন কাজ করানোর ক্ষেত্রে অবশ্যই ইউনিটের বাহিরের সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ ও পেশাদার বা বিদ্যুৎ বিভাগের লোকের মাধ্যমে করাতে হবে।

২। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই আদেশ জারি করা হলো।

১৬-০৩-২০২৬

মোঃ আবু বকর সিদ্দিক, বিভিএমএস
বিএডি- ১২০১৭৮
উপপরিচালক (প্রশাসন)
দুরালাপনী: ৪৭২১৭৫২৬
ওয়েবমেইল: ddadmin@ansarvdp.gov.bd
dir_admin@ansarvdp.gov.bd

স্মারক নং- ৪৪.০৩.০০০০.০০০.০১১.২৪.০২৭. ৮৭৭

তারিখ: ০২/১২/১৪৩২ বঙ্গাব্দ। ১৬/০৩/২০২৬ খ্রিষ্টাব্দ।

অনুলিপি:

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৩। | উপমহাপরিচালক (রেঞ্জ) (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ................................রেঞ্জ। | " |
| ৪। | ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৫। | পরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা | " |
| ৬। | পরিচালক, মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম। | " |
| ৭। | পরিচালক (সকল)..........................................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও,ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ৮। | অধিনায়ক (সকল)<br>.........আনসার ব্যাটালিয়ন.......................................................................... | " |
| ৯। | পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা। | " |
| ১০। | অধিনায়ক<br>আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১১। | নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক (চিকিৎসা)/আইন বিষয়ক উপদেষ্টা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১২। | উপপরিচালক (সকল).........................................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৩। | উপপরিচালক (সমন্বয়)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৪। | জেলা কমান্ড্যান্ট (সকল)<br>জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকার্যালয়,.........................। | বিষয়টি আপনার অধীন সকল দপ্তরকে অবহিত ও কার্যক্রমের জন্য। |
| ১৫। | জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম.................। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৬। | অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা ও গাজীপুর। | " |
| ১৭। | সহকারী পরিচালক (সকল).............................................................<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা/<br>বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | " |
| ১৮। | গণসংযোগ কর্মকর্তা, বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি)<br>ও সম্পাদক কামপ্রশাসক (প্রতিরোধ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ১৯। | ..........................................................................................শাখা (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ২০। | আইসিটি শাখা<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | পত্রটি অত্র বাহিনীর ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ২১। | নিয়ন্ত্রণ কক্ষ<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সংশ্লিষ্ট সকলকে অবহিত করণের জন্য। |
| ২২। | অফিস ও মাস্টার কপি। | |

১৬-০৩-২০২৬

উপপরিচালক (প্রশাসন)